

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১৪.০৭.০২.০৭২.২০১২(অংশ-১) ৯২৫

৩৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলায় জেলা পরিষদ ডাকবাংলো ২য় তলা (ফাউন্ডেশন) মার্কেট এর পরিবর্তে ৪র্থ তলা (ফাউন্ডেশন) বিশিষ্ট ২য় তলা পর্যন্ত মার্কেট নির্মাণের প্লান, ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন।

- সূত্রঃ ১) ফরিদপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপক/প্রকৌঃ/২০১৬-১৭/৯১, তারিখঃ ৩০/১০/২০১৬।
২) এলজিইডির স্মারক নং-এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-১৯১/২০১২/৩৮৭, তাং-২৭/৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে, ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলায় জেলা পরিষদ ২য় তলা (ফাউন্ডেশন) মার্কেট এর পরিবর্তে ৪র্থ তলা (ফাউন্ডেশন) বিশিষ্ট ২য় তলা পর্যন্ত মার্কেট নির্মাণের লক্ষ্যে এলজিইডি কর্তৃক প্রস্তুতকৃত ১,১৯,৯৭,৩৫৫/- (এক কোটি উনিশ লক্ষ সাতানব্বই হাজার তিনশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

- ১) সম্পূর্ণ সেলামীর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করতে হবে ;
- ২) বর্ণিত প্রকল্পের প্রাক্কলন পরবর্তীতে সংশোধন করা যাবে না ;
- ৩) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করে প্রকল্পটি বাস্তবায়ন পূর্বক মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ;
- ৪) দরপত্র আহ্বানের পর হতে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের জন্য নির্ধারিত সময় ব্যতিত অন্য কোন কারণে প্রকল্প বাস্তবায়নের কাজে বিলম্ব করা যাবে না;
- ৫) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১৯/৪/১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর।

অনুলিপি-কার্যার্থে/জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।